

ই-মেইল ও রেজিঃ ডাক যোগে
তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.১৮- ১৩৬২

তারিখঃ ০২/১১/১৯
অগ্রহায়ণ, ১৪২৫।
১৩ নভেম্বর ২০১৮।

বিষয়ঃ রিট পিটিশন নং ৭৪৯২/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি/বাংলা জবাব ও অন্যান্য রেকর্ডপত্র প্রেরণ।

সূত্রঃ ১) অধিদপ্তরের স্মারক নং ৩৮.০১.০০০০.১১৪.০১.১৮-১১২৪, তারিখ: ২২ অক্টোবর ২০১৮।

২) তাঁর স্মারক নং জেপ্রাশিঅ/ঝিনাই/মামলা/১৪৩৭/২, তারিখ ১৩ নভেম্বর ২০১৮।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব রওশন আরা আক্তার, প্রধান শিক্ষক (দাবীকৃত), কাগমারী বেসরকারি প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), উপজেলা- মহেশপুর, জেলা- ঝিনাইদহ- তিনি অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক (চাকুরী শর্তাবলী নির্ধারণ) বিধিমালা, ২০১৩ অনুযায়ী বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে চাকুরীকালের ৫০% গণনার বিধি চ্যালেঞ্জ করে এমপিওভুক্তির তারিখ হতে চাকুরীকাল গণনাসহ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসেবে চাকুরী করেছেন বিধায় বিধি মোতাবেক তদরূপ বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি দাবী করে মহামান্য হাইকোর্ট রিট পিটিশন নং ৭৪৯২/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের দফাওয়ারী জবাব ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র চেয়ে সূত্রোক্ত ১নং স্মারকের তাকে পত্র দেয়া হয়। তাঁর প্রেরিত ২নং স্মারক পত্রে দফাওয়ারী জবাব, স্বাক্ষরিত ওকালতনামা ও ক্ষমতাপর্ন পত্র প্রেরণ করা হয়নি।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৭৪৯২/২০১৮ এর দফাওয়ারী ইংরেজি/বাংলা জবাব, স্বাক্ষরিত ওকালতনামা ও ক্ষমতাপর্ন পত্র, সংশ্লিষ্ট রেকর্ডপত্র আগামী ০৫ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : ১) ওকালতনামা ও ক্ষমতা অর্পন পত্র।

বি: দ্র: প্রতিটি রেকর্ড সুস্পষ্ট ও সত্যায়িত করে প্রেরিতব্য।

এই বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না, কোন প্রকার দায়িত্বে অবহেলার কারণে সরকার পক্ষ ক্ষতিগ্রস্ত হলে এর যাবতীয় দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে।



মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার
সহকারী পরিচালক (আইন কোষ)
পক্ষে- মহাপরিচালক

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
ঝিনাইদহ।


স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.১৮- ১৩৬২/১

তারিখঃ ০২/১১/১৯
অগ্রহায়ণ ১৪২৫।
১৩ নভেম্বর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা (তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

২। সংরক্ষণ নথি।



মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার
সহকারী পরিচালক (আইন কোষ)
পক্ষে- মহাপরিচালক